

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৭৩

আগরতলা, ৩ ফেব্রুয়ারি, ২০২৪

প্রাক্তন উপপ্রধানমন্ত্রী লালকৃষ্ণ আডবাণীকে
ভারতরত্ন : রাজ্যপালের অভিনন্দন

প্রাক্তন উপপ্রধানমন্ত্রী লালকৃষ্ণ আডবাণীকে ভারতবর্ষের সর্বোচ্চ অসামরিক পুরস্কার ভারতরত্ন সম্মানে ভূষিত করায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, ‘লালকৃষ্ণ আডবাণী ২০০২ থেকে ২০০৪ পর্যন্ত ভারতবর্ষের উপপ্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে সবচেয়ে বেশি সময় ধরে ১৯৯৮ থেকে ২০০৪ পর্যন্ত দায়িত্ব পালন করেন। তাছাড়াও তিনি লোকসভায় বিরোধী দলনেতা হিসেবে সবচেয়ে বেশি সময় দায়িত্ব পালন করেছেন। দেশের উন্নয়নে তাঁর অবদান অপারিসীম।

লালকৃষ্ণ আডবাণীর বহু দশকের স্বচ্ছতা, সততা ও মূল্যবোধের প্রতি আনুগত্যের জীবন আমাদের সকলের কাছে অনুপ্রেরণার। সাধারণ পরিবার থেকে এসে রাজনীতিতে তাঁর দৃঢ় প্রত্যয়, সাহস, আদর্শ ও আনুগত্য উজ্জ্বল উদাহরণ হয়ে থাকবে।’
